



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

সঞ্চয় ও ঋণ বিভাগ

সাকুলার লেটার নং-০১/২০২৬

তারিখ: ১১-০৮-২০২৬ খ্রি

সকল শাখা ব্যবস্থাপক

ও

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: “সবার আগে বাংলাদেশ: নির্বাচনী ইশতেহার ২০২৬ বাস্তবায়নে পল্লী সঞ্চয় ব্যাংকের বিশেষ উদ্যোগ” এর ঋণ কর্মসূচি প্রবর্তন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

বাংলাদেশকে একটি অন্তর্ভুক্তিমূলক, উৎপাদনমুখী ও সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে সরকারের নির্বাচনী ইশতেহার-২০২৬ এ গ্রামীণ অর্থনীতি, আর্থিক অন্তর্ভুক্তি, ডিজিটাল রূপান্তর এবং নারীর অর্থনৈতিক ক্ষমতায়নকে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। একই সঙ্গে অর্থনীতির সার্বিক সংস্কার, খাত ও অঞ্চলভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করা এবং শিল্প-বাণিজ্যে বিনিয়োগ সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির উপর গুরুত্বারোপ করা হয়েছে। দেশের প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তির সারথি হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক এ মহাপরিকল্পনা বাস্তবায়নে বদ্ধপরিকর। পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকেই প্রান্তিক জনগোষ্ঠীর আর্থিক অন্তর্ভুক্তি, ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে কাজ করে আসছে। পরিবর্তিত অর্থনৈতিক বাস্তবতা ও সরকারের উন্নয়ন অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে ব্যাংক ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচি, পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি এবং এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি গ্রহণের উদ্যোগ নিয়েছে। এসব কর্মসূচির মাধ্যমে ক্যাশলেস লেনদেন বাস্তবায়নে প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা সৃষ্টি, নারী উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণ, স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং গ্রামীণ কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে এক কোটি কর্মসংস্থান সৃষ্টির জাতীয় লক্ষ্যমাত্রায় পল্লী সঞ্চয় ব্যাংক কার্যকর অবদান রাখবে। একই সঙ্গে আর্থিক অন্তর্ভুক্তি জোরদার, গ্রাম শহর এর মধ্যকার বৈষম্য হ্রাস এবং টেকসই গ্রামীণ অর্থনীতি গড়ে তোলার মাধ্যমে নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে ব্যাংক একটি কার্যকর অংশীদার হিসেবে ভূমিকা পালন করবে। এ লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক নিম্নরূপ ঋণ কর্মসূচীসমূহ গ্রহণ করা হয়েছে:

ক) ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচি

খ) পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি

গ) এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি

ব্যাংকের বিদ্যমান ঋণ নীতিমালা অনুযায়ী উক্ত ঋণ কর্মসূচীসমূহে কার্যক্রম শুরু করার বিষয়ে অডিট কমিটির ০৯-০৮-২০২৬ তারিখে অনুষ্ঠিত ৩৩তম সভায় সদয় অনুমোদন প্রদান করা হয়।

ক. ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচি: ডিজিটাল ইকোসিস্টেম হলো এমন একটি সমন্বিত ও পরস্পর-নির্ভরশীল ব্যবস্থা, যেখানে ডিজিটাল অবকাঠামো, ইন্টারনেট, ডিজিটাল শিক্ষা, প্রযুক্তিভিত্তিক উদ্যোক্তা, ডিজিটাল ব্যবসা ও ক্যাশলেস লেনদেনসহ বিভিন্ন খাত একে অন্যের সঙ্গে যুক্ত থাকে। প্রাকৃতিক ইকোসিস্টেম বা বাস্তবতায় যেমন বিভিন্ন জীব ও উপাদান একে অন্যের ওপর নির্ভর করে একটি সুস্থ পরিবেশ তৈরি করে, তেমনি ডিজিটাল ইকোসিস্টেমেও বিভিন্ন খাত ও উদ্যোক্তা পরস্পরের সঙ্গে যুক্ত হয়ে একটি কার্যকর ব্যবসায়িক পরিবেশ গড়ে তোলে। পল্লী এলাকায় এ ব্যবস্থা গড়ে তুলতে সংশ্লিষ্ট বিভিন্ন খাত ও উদ্যোক্তাকে সমন্বিতভাবে অর্থায়ন করাই ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচির মূল উদ্দেশ্য। এর মাধ্যমে প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান, ডিজিটাল লেনদেন ও আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি পাবে এবং গ্রামীণ ডিজিটাল অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে।

ক.১ ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচির উদ্দেশ্য:

১. গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা সৃষ্টি এবং ডিজিটাল অর্থনীতির সম্প্রসারণ।
২. উচ্চগতির ইন্টারনেট, ডিজিটাল সংযোগ ও প্রয়োজনীয় প্রযুক্তিগত অবকাঠামোর সম্প্রসারণে অর্থায়ন প্রদান।
৩. ডিজিটাল সেবা, ই-কমার্স, আইটি ও প্রযুক্তিনির্ভর নতুন উদ্যোগ প্রতিষ্ঠা এবং বিদ্যমান উদ্যোগের সম্প্রসারণ ও আধুনিকায়নে সহায়তা প্রদান।
৪. ব্যক্তি মালিকানাধীন শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার, আইটি প্রশিক্ষণ কেন্দ্র এবং প্রযুক্তিনির্ভর মানবসম্পদ উন্নয়নে প্রয়োজনীয় অবকাঠামো ও সক্ষমতা বৃদ্ধিতে অর্থায়ন প্রদান।

পাতা ০১

৫. ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় ডিজিটাল রূপান্তর ত্বরান্বিত করতে কম্পিউটার স্থাপন, POS, বাংলা QR ও অন্যান্য ক্যাশলেস লেনদেন মাধ্যম, ERP, বারকোড, ডিজিটাল হিসাবরক্ষণ, ইনভেন্টরি ব্যবস্থাপনা, সিসি ক্যামেরা এবং অন্যান্য প্রযুক্তির ব্যবহার উৎসাহিত করা।
৬. পল্লী সঞ্চয় ব্যাংকের বিদ্যমান সদস্যদের ব্যবসা সম্প্রসারণ, প্রযুক্তি সংযোজন ও ডিজিটাল রূপান্তরে এবং সম্ভাবনাময় নতুন উদ্যোক্তাদের প্রযুক্তিনির্ভর উদ্যোগ প্রতিষ্ঠায় অর্থায়ন প্রদান।
৭. কৃষি খাতে আধুনিকায়ন, যান্ত্রিকীকরণ, ডিজিটাল রূপান্তর এবং কৃষি-প্রযুক্তিভিত্তিক সেবা ও উদ্যোক্তা উন্নয়নে অর্থায়ন প্রদান।
৮. গ্রামীণ জনগণের জন্য ডিজিটাল সেবা সহজলভ্য করা এবং স্থানীয় পর্যায়ে একটি সমন্বিত ডিজিটাল ইকোসিস্টেম গড়ে তোলা।
৯. প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান বৃদ্ধি, উৎপাদনশীলতা ও প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা।
১০. সর্বোপরি, পল্লী সঞ্চয় ব্যাংকের অর্থায়নের মাধ্যমে গ্রামীণ এলাকায় প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা, ডিজিটাল সেবা, শিক্ষা, সংযোগ ও ব্যবসার ডিজিটাল রূপান্তরকে সমন্বিত করে একটি টেকসই গ্রামীণ ডিজিটাল ইকোসিস্টেম গড়ে তোলা এবং কর্মসংস্থান ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

ক.২ ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচির আওতাভুক্ত গ্রাহকশ্রেণি:

- ১) পল্লী সঞ্চয় ব্যাংকের বিদ্যমান সদস্য, যারা ইতোমধ্যে ডিজিটাল খাতে ব্যবসা পরিচালনা করছেন তাদের ব্যবসা সম্প্রসারণ, আধুনিক যন্ত্রপাতি সংযোজন, প্রযুক্তি উন্নয়ন, সেবার পরিধি বৃদ্ধি এবং কার্যকরী মূলধনের চাহিদা পূরণের জন্য এ কর্মসূচির আওতায় ঋণ আবেদন করতে পারবেন।
- ২) পল্লী সঞ্চয় ব্যাংকের বিদ্যমান সদস্য, যারা নতুনভাবে ডিজিটাল প্রযুক্তি সংশ্লিষ্ট খাতে ব্যবসা শুরু করতে আগ্রহী তারা এ কর্মসূচির আওতায় ঋণ আবেদন করতে পারবেন।
- ৩) পল্লী সঞ্চয় ব্যাংকের বিদ্যমান সদস্য, যারা তাদের প্রচলিত ব্যবসাকে ডিজিটাল রূপান্তর করতে চান অর্থাৎ বর্তমানে পরিচালিত ক্ষুদ্র ও মাঝারি ব্যবসাকে অধিক দক্ষ, স্বচ্ছ ও প্রতিযোগিতামূলক করে তুলতে তাদের প্রচলিত ব্যবসা পরিচালনায় কম্পিউটার ব্যবহার, POS মেশিন, বারকোড ব্যবস্থা, ইনভেন্টরি ও হিসাবরক্ষণ সফটওয়্যার, ERP সফটওয়্যার, সিসিটিভি এবং অন্যান্য ডিজিটাল প্রযুক্তি স্থাপন করতে চান তারা এ কর্মসূচির আওতায় ঋণ আবেদন করতে পারবেন।
- ৪) যেসকল উদ্যোক্তা বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য নন কিন্তু গ্রামীণ এলাকায় প্রযুক্তিনির্ভর নতুন ব্যবসা শুরু, বিদ্যমান ডিজিটাল ব্যবসা সম্প্রসারণ অথবা বিদ্যমান ব্যবসার ডিজিটাল রূপান্তরে আগ্রহী, তারা ব্যাংকের প্রচলিত সদস্যপদ ও ঋণ নীতিমালা অনুসরণ করে এ কর্মসূচির আওতায় ঋণ আবেদন করতে পারবেন।

ক.৩ ডিজিটাল ইকোসিস্টেম ঋণের খাত:

ক্র. নং	ক্লাস্টার	ঋণের খাত	গ্রাহক/উদ্যোগের বিবরণ ও অর্থায়নের উদ্দেশ্য
১.	ডিজিটাল অবকাঠামো	ইন্টারনেট সেবা প্রদানকারী (ISP)	নতুন ISP ব্যবসা শুরু বা বিদ্যমান ISP ব্যবসার সম্প্রসারণ।
২.		ডিজিটাল সামগ্রী বিক্রয় কেন্দ্র	স্মার্টফোন, কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, সিসিটিভি, নেটওয়ার্কিং যন্ত্রপাতি, স্মার্ট ডিভাইস এবং অন্যান্য আইটি পণ্য বিক্রয়কারী উদ্যোক্তাদের ব্যবসা স্থাপন ও সম্প্রসারণ।
৩.		ডিজিটাল সামগ্রী মেরামত কেন্দ্র	কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টারসহ সকল প্রকার আইটি সামগ্রী মেরামতকারী উদ্যোক্তার ব্যবসা স্থাপন ও সম্প্রসারণ।
৪.		মোবাইল সার্ভিসিং কেন্দ্র	স্মার্টফোন ও ডিজিটাল ডিভাইস সার্ভিসিং ব্যবসা স্থাপন ও সম্প্রসারণ।
৫.	ডিজিটাল শিক্ষা ও দক্ষতা উন্নয়ন	প্রযুক্তি শিক্ষা ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র	কম্পিউটার শিক্ষা, গ্রাফিক ডিজাইন, ফ্রিল্যান্সিং, অফিস অ্যাপ্লিকেশন, ডিজিটাল মার্কেটিং, প্রোগ্রামিংসহ আইসিটি প্রশিক্ষণ প্রদানকারী উদ্যোক্তাদের ব্যবসা স্থাপন ও সম্প্রসারণ।
৬.		ডিজিটাল শিক্ষা অবকাঠামো	ব্যক্তিগত/কোম্পানি/স্কুল, কলেজ, মাদ্রাসার উদ্যোক্তাদের ডিজিটাল ক্লাসরুম, স্মার্ট বোর্ড, মাল্টিমিডিয়া শিক্ষা ব্যবস্থা এবং কম্পিউটার ল্যাব স্থাপন বা সম্প্রসারণ।
৭.	ডিজিটাল সেবা ও প্রযুক্তিভিত্তিক উদ্যোগ	ডিজিটাল হাব/সাইবার সেন্টার	ফ্রিল্যান্সিং, অনলাইন শিক্ষা, ডিজিটাল অফিস, সাইবার ক্যাফে, কো-ওয়ার্কিং স্পেস এবং প্রযুক্তিনির্ভর কর্মসংস্থানের জন্য ডিজিটাল হাব প্রতিষ্ঠা বা সম্প্রসারণ।
৮.		ডিজিটাল সার্ভিস/সেবা কেন্দ্র	ফটোকপি, প্রিন্টিং, স্ক্যানিং, অনলাইন আবেদন, সরকারি ই-সেবা, নাগরিক সেবা এবং ডিজিটাল আর্থিক সেবা প্রদানকারী উদ্যোক্তাদের ব্যবসা স্থাপন ও সম্প্রসারণ।
৯.		ডিজিটাল প্রিন্টিং ও প্রকাশনা	ডিজিটাল প্রেস, ব্যানার, ফেস্টুন, বই, শিক্ষা উপকরণ ও অন্যান্য ডিজিটাল প্রিন্টিং ব্যবসা প্রতিষ্ঠা ও সম্প্রসারণ।

ক্র. নং	ক্রান্তার	ঋণের খাত	গ্রাহক/উদ্যোগের বিবরণ ও অর্থায়নের উদ্দেশ্য
১০.		সেমিকন্ডাকটর শিল্পের বিভিন্ন সহায়ক খাতসহ উচ্চ প্রযুক্তিভিত্তিক উদ্যোগ	সেমিকন্ডাকটর চালিত বিভিন্ন প্রযুক্তিগত উপাদান (যেমন: স্মার্ট লাইট, সেন্সর, কৃষি-প্রযুক্তির ছোট সরঞ্জাম) একত্রীকরণ বা অ্যাসেম্বলি করা, গ্রাম বা উপজেলা পর্যায়ে নিজ উদ্যোগ বা সাব-কন্সট্রাক্ট ভিত্তিতে ক্ষুদ্র পরিসরে পিসিবি (Printed Circuit Board) অ্যাসেম্বলিং, প্রাথমিক সোল্ডারিং ও টেস্টিং সার্ভিস ল্যাব তৈরি, ই-বর্জ্য পুনর্ব্যবহার ও মূল্যবান ধাতু নিষ্কাশন (Circular Economy), এ খাতের প্রযুক্তি পণ্য পরিবহণের জন্য অ্যান্টি স্ট্যাটিক ব্যাগ, ফোম, বিশেষ কার্টন ও থার্মোকল বক্স প্রস্তুত, চিপ-লেভেল ডায়াগনস্টিক ও ল্যাব ইকুইপমেন্ট ক্রয়, ডাটা এন্ট্রি ও টেকনিক্যাল রাইটিংসহ এতদসংক্রান্ত খাতের উদ্যোগে অর্থায়ন।
১১.		ই-কমার্স উদ্যোক্তা	অনলাইন ব্যবসা, সামাজিক যোগাযোগ মাধ্যমভিত্তিক ব্যবসা, ডিজিটাল মার্কেটিং এবং ই-কমার্স উদ্যোক্তাদের ব্যবসা প্রতিষ্ঠা ও সম্প্রসারণ।
১২.	ক্ষুদ্র ব্যবসার ডিজিটাল রূপান্তর	ক্ষুদ্র উদ্যোক্তা, যারা বিদ্যমান ব্যবসা পরিচালনা প্রক্রিয়ায় ডিজিটাল রূপান্তর আনতে আগ্রহী	দোকান, ফার্মেসি, সেবা প্রতিষ্ঠান ও অন্যান্য ক্ষুদ্র উদ্যোক্তাদের কম্পিউটার, POS মেশিন, বাংলা QR, সিসিটিভি, ডিজিটাল হিসাবরক্ষণ, ইনভেন্টরি সফটওয়্যার, বারকোড ব্যবস্থা, ডিজিটাল বিলিং-সহ অন্যান্য প্রযুক্তি নির্ভর ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ডিজিটাল রূপান্তরে সহায়তাকরণ।
১৩.	কৃষি খাতে	কৃষি যান্ত্রিকীকরণ/আধুনিকায়ন	আধুনিক কৃষিযন্ত্র সেবা ও সার্ভিসিং সেন্টার, আধুনিক ও প্রযুক্তিনির্ভর কৃষি যন্ত্রপাতি ভাড়া প্রদানকারীসহ এতদসংশ্লিষ্ট উদ্যোক্তাদের ব্যবসা প্রতিষ্ঠা ও সম্প্রসারণ।
১৪.	আধুনিকায়ন ও প্রযুক্তির ব্যবহার	কৃষি প্রযুক্তির ব্যবহার	কৃষিভিত্তিক ই-কমার্স উদ্যোগ, কৃষি প্রযুক্তি সেবা কেন্দ্র, এগ্রি-আইওটি (Internet of Things) ভিত্তিক সেবা প্রদানকারী, স্মার্ট গ্রিনহাউস, ড্রোনভিত্তিক কৃষি সেবা এবং কৃষিতে প্রযুক্তিগত উদ্ভাবন ও ডিজিটাল রূপান্তরে নিয়োজিত বা আগ্রহী উদ্যোক্তাদের ব্যবসা প্রতিষ্ঠা ও সম্প্রসারণ।
এছাড়াও, উল্লিখিত খাতসমূহের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট অন্যান্য প্রযুক্তিনির্ভর উদ্যোগও এ ঋণের আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবে।			

খ. পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি:

নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন দেশের টেকসই, অন্তর্ভুক্তিমূলক ও ভারসাম্যপূর্ণ অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকাশক্তি। দেশের সামগ্রিক উন্নয়নে গ্রামীণ নারীদের উৎপাদনশীল ও উদ্যোক্তা কার্যক্রমে সম্পৃক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নারী উদ্যোক্তাদের জন্য একটি লক্ষ্যভিত্তিক ও অগ্রাধিকারভিত্তিক অর্থায়ন কাঠামো প্রবর্তনের মাধ্যমে এ কার্যক্রমকে আরও কার্যকর করা সম্ভব। এ লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক গ্রামীণ নারীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা এবং তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য ‘পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি’ গ্রহণ করেছে।

খ.১ পল্লী নারী উদ্যোক্তা ঋণের উদ্দেশ্য:

- ১) গ্রামীণ নারী উদ্যোক্তাদের জন্য সহজ ও অগ্রাধিকারভিত্তিক ঋণ সুবিধা নিশ্চিত করা।
- ২) বিদ্যমান নারী উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণ ও আধুনিকায়নে সহায়তা করা।
- ৩) উৎপাদনশীল ও কর্মসংস্থানমুখী খাতে নারী উদ্যোক্তাদের বিনিয়োগ বৃদ্ধি করা।
- ৪) নারীর আর্থিক অন্তর্ভুক্তি এবং টেকসই উদ্যোক্তা উন্নয়নে সহায়তা করা।
- ৫) নারী উদ্যোক্তা অর্থায়নে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরও ফলাফলমুখী ও কার্যকর করা।

খ.২ পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচির আওতাভুক্ত গ্রাহকশ্রেণি:

পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচির আওতায় নিম্নোক্ত শ্রেণির নারী উদ্যোক্তারা অগ্রাধিকার পাবেন—

- ১) বিদ্যমান নারী উদ্যোক্তা: চলমান ব্যবসা সম্প্রসারণ, উৎপাদন বৃদ্ধি বা কার্যকরী মূলধনের জন্য অর্থায়ন প্রয়োজন এমন উদ্যোক্তা বা ব্যবসার সক্ষমতা বৃদ্ধির জন্য অর্থায়ন প্রত্যাশী নারী;
- ২) নতুন নারী উদ্যোক্তা: সম্ভাবনাময় ও বাস্তবসম্মত ব্যবসায়িক পরিকল্পনার মাধ্যমে নতুন উদ্যোগ শুরু করতে আগ্রহী নারী;
- ৩) গ্রামীণ নারী উদ্যোক্তা: পল্লী ও উপজেলা পর্যায়ে পরিচালিত ক্ষুদ্র ব্যবসা বা উৎপাদনমূলক উদ্যোগের মালিক;
- ৪) গৃহভিত্তিক নারী উদ্যোক্তা: বাসা থেকে পরিচালিত উৎপাদন, সেবা বা অনলাইন ব্যবসার সঙ্গে যুক্ত নারী;
- ৫) ডিজিটাল উদ্যোক্তা: অনলাইন প্ল্যাটফর্ম, ই-কমার্স বা প্রযুক্তিনির্ভর ক্ষুদ্র উদ্যোগ পরিচালনাকারী নারী;

পাতা ০৩

খ.৩ পল্লী নারী উদ্যোক্তা ঋণের খাত:

ক্রম	অগ্রাধিকার খাত	অর্থায়নযোগ্য উদ্যোগের বিবরণ
১	কৃষিভিত্তিক উদ্যোগ	সবজি চাষ, নার্সারি, ফুল চাষ, বীজ উৎপাদন, কৃষি উপকরণ সংরক্ষণ ও বিপণন
২	কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও মূল্য সংযোজন	আচার, মসলা, শুকনো খাবার, প্যাকেটজাত খাদ্য, ঘরে তৈরি খাদ্যপণ্য/ শিশু খাদ্যপণ্য উৎপাদন ও বাজারজাতকরণ
৩	পশুপালন ও মৎস্য খাত	গবাদিপশু পালন, দুধ উৎপাদন, হাঁস-মুরগি পালন, মাছ চাষ ও সংশ্লিষ্ট উদ্যোগ
৪	কুটির শিল্প ও হস্তশিল্প	তাঁত, নকশিকাঁথা, পাটজাত পণ্য, বাঁশ-বেতের পণ্য, কারুশিল্প, গিফট শপ
৫	ক্ষুদ্র উৎপাদন খাত	পোশাক ও ফ্যাশন (টেইলার্স, বুটিক হাউস, গার্মেন্টস শোরুম, কসমেটিকস শোরুম, জুতা ও ব্যাগ শোরুম, বেবি শপ, হিজাব ও আবায়্যা শোরুম) বা এসব পণ্যের ক্ষুদ্র উৎপাদন ইউনিট, প্যাকেজিং, ট্রেডিং ও অন্যান্য উৎপাদন কার্যক্রম
৬	সেবা খাত	ক্যাটারিং, খাবার সরবরাহ, ফার্মেসি, ছোট সেবা প্রতিষ্ঠান, রেস্টুরেন্ট, ক্যাফে, বেকারি, বিউটি পার্লার, মেহেন্দি স্টুডিও
৭	ডিজিটাল প্রযুক্তিনির্ভর উদ্যোগ	অনলাইন ব্যবসা, ই-কমার্স, এফ কমার্স, অনলাইন রুদিং স্টোর, অনলাইন গ্রোসারী স্টোর, ফটোকপি ও প্রিন্টিং
৮	গৃহভিত্তিক উদ্যোগ	হোম বেকারি, হস্তনির্মিত পণ্য, সেলাই, অনলাইন বিক্রয়সহ ঘরে পরিচালিত উদ্যোগ
৯	শিক্ষা খাত	আইটি ট্রেনিং, ভাষা শিক্ষা কেন্দ্র, লাইব্রেরী, ডে-কেয়ার
১০	সরকার কর্তৃক নিষিদ্ধ নয় এমন যেকোনো সম্ভাবনাময় ও অর্থনৈতিকভাবে কার্যকর খাত।	

গ. এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি:

গ্রামীণ অর্থনীতির বিকাশ, স্থানীয় সম্পদ ও ঐতিহ্যবাহী পণ্যের সম্ভাবনা কাজে লাগানো এবং গ্রাম পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ‘এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি’ গ্রহণ করা হবে। এ কর্মসূচির আওতায় সংশ্লিষ্ট এলাকার ঐতিহ্য, স্থানীয় কৌশামল, দক্ষতা ও বাজার সম্ভাবনার ভিত্তিতে নির্বাচিত পণ্যকে কেন্দ্র করে উদ্যোক্তা ও উৎপাদন কার্যক্রমে ঋণ সহায়তা দেওয়া হবে। একই সঙ্গে পণ্যের মানোন্নয়ন, আধুনিক বিপণন ও বাজারসংযোগে সহায়তার মাধ্যমে স্থানীয় পণ্যের বিক্রয় ও বাজার সম্প্রসারণের সুযোগ সৃষ্টি করা হবে। এর ফলে গ্রামীণ কর্মসংস্থান ও আয় বৃদ্ধি, স্থানীয় অর্থনীতির বিকাশ এবং দেশীয় পণ্যের বাজার ও রপ্তানি সম্ভাবনা বাড়াতে সহায়তা করবে।

গ.১ এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচির উদ্দেশ্য:

- ১) ঐতিহ্য পুনরুদ্ধার: সোনারগাঁওর জামদানি, টাঙ্গাইলের শাড়ি, রাজশাহীর সিদ্ধ, রংপুরের শতরঞ্জি এবং ঝালকাঠির শীতলপাটির মতো ঐতিহ্যবাহী পণ্যগুলোর উৎপাদন ও বিপণন পুনরুজ্জীবিত করা।
- ২) উৎপাদন কেন্দ্র সৃষ্টি: গ্রামগুলোকে তার নিজস্ব সম্ভাবনাময় পণ্যের একটি শক্তিশালী ‘উৎপাদন-কেন্দ্র’ হিসেবে গড়ে তোলা।
- ৩) ব্যাপক কর্মসংস্থান: বিশেষ করে নারী ও শিক্ষিত তরুণদের জন্য নিজ এলাকাতেই অতি দ্রুত লক্ষাধিক কর্মসংস্থান সৃষ্টি করা।
- ৪) বাজার সংযোগ: নকশা উন্নয়ন এবং জাতীয় ও আন্তর্জাতিক ই-বাজার (E-market) সংযোগের মাধ্যমে পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করা।

গ.২ এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচির আওতাভুক্ত গ্রাহকশ্রেণি:

গ্রামভিত্তিক বিশেষ ঐতিহ্যবাহী পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিপণনে নিয়োজিত গ্রাহকগণ এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন।





গ.৩ এক গ্রাম এক পণ্য ঋণের খাত:

ক্র.	শ্রেণি	অন্তর্ভুক্ত পণ্য
১	কৃষি, শস্য ও উদ্যান ফসল	তুলসিমালা খান, চিনিগুড়া খান, কাটারিভোগ খান, পান চাষ, মরিচ চাষ, মুগ ডালের চাষ, পেঁয়াজ ও পেঁয়াজের বীজ উৎপাদন, লটকন, হাড়িভাঙ্গা আম, পেয়ারা চাষ, তরমুজ চাষ, কাজু বাদাম চাষ, বরই, অমৃত সাগর কলা, সুপারি, তেজ পাতা, ফুল চাষ
২	মৎস্য, প্রাণিসম্পদ ও খাদ্যজাত পণ্য	চিংড়ি চাষ, কীকড়া চাষ, মহিষের দই, শূটকি, লবণ, ছানামুখী, আলদীর মাঠা
৩	বস্ত্র, তাঁত ও তন্তুজাত পণ্য	জামদানি শাড়ি, তাঁতের শাড়ি, খাদি, তুত চাষ, রেশম চাষ
৪	হস্ত ও কুটির শিল্প	নকশিকীথা, কীসা শিল্প, হোগলা শিল্প, শীতল পাটি, পাদুকা, পাপোশ
৫	বিশেষ ঐতিহ্যবাহী ও কারুশিল্পভিত্তিক পণ্য	দেশের হারিয়ে যাওয়া অন্যান্য যেকোনো ঐতিহ্যবাহী পণ্য

২. **ঋণের সিলিং:** প্রাথমিকভাবে ১,০০,০০১/- থেকে ২,৫০,০০০/- পর্যন্ত। সমিতির নতুন সদস্যগণ এ ঋণসুবিধা ভোগ করতে পারবেন।

৩. **ঋণের মেয়াদ:** প্রাথমিকভাবে ০২ বছর (২৪ মাস), গ্রেস পিরিয়ডসহ।

৪. **সার্ভিস চার্জ:** এ ঋণের সার্ভিস চার্জ হবে ফ্ল্যাট রেটে ১০%। (১৮-০৭-২০২২ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং ০১/২০২২ এবং ১৭/১২/২০২৪ তারিখে জারিকৃত পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২৪-২৫/১৩৫ নং স্মারক অনুসরণীয়)।

৫. **প্রয়োজনীয় ডকুমেন্টস:** ব্যাংকের বিদ্যমান ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অর্থাৎ ১৮-০৭-২০২২ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং ০১/২০২২ ও ১৬-০৯-২০২৫ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং ০১/২০২৫ অনুযায়ী প্রয়োজনীয় ডকুমেন্টস নিম্নরূপ:

১. ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং এক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক।
২. আবেদনকারীর ১ কপি পাসপোর্ট সাইজের ছবি।
৩. নারী আবেদনকারীর ক্ষেত্রে পরিবারের প্রধান গ্যারান্টর হতে হবে।
৪. গ্যারান্টরদের ১ কপি করে পাসপোর্ট সাইজের ছবি।
৫. ঋণ বিতরণ শীটে যথাযথ স্থানে উপযুক্ত স্ট্যাম্প লাগিয়ে স্বাক্ষর গ্রহণ করে ভাউচারের সাথে সংরক্ষণ করতে হবে।
৬. ডিপি (ডিমান্ড প্রমিসরি) নোট।
৭. ডিপি নোট এর পাশাপাশি ঋণের গ্যারান্টি হিসেবে প্রচলিত মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে সমিতির অন্য কোনো সদস্যের গ্যারান্টিপত্র গ্রহণ করতে হবে।
৮. সদস্য/গ্যারান্টর/অন্য কোনো ৩য় পক্ষ কর্তৃক কোন তফসিলি ব্যাংকে পরিচালিত হিসাবের ৩/৪ টি স্বাক্ষরিত চেক গ্রহণ করতে হবে। চেক জমাদানের মেমোরেন্ডামসহ পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট শাখার অনুকূলে Account Payee cheque গ্রহণ করতে হবে।
৯. আবেদনকারীকে অবশ্যই বাধ্যতামূলকভাবে লেটার অব ডিসবার্সমেন্ট ডকুমেন্টসটি পূরণপূর্বক ঋণ বিতরণের পূর্বে জমা দিতে হবে।

৬. খেলাপী ঋণ:

কোন সদস্য ঋণ খেলাপী হলে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ ও ঋণ সম্পর্কিত নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে খেলাপী ঋণ আদায় করা হবে।

৭. ঋণের ব্যবহার মনিটরিং ও পরিদর্শন:

ঋণ বিতরণের পর থেকেই সংশ্লিষ্ট জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক, জুনিয়র অফিসার (মাঠ) বিতরণকৃত ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন। মাঠ সহকারী প্রতিটি প্রজেক্ট অন্ততঃ ১৫ দিনে একবার পরিদর্শন করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে তা উদ্ধৃতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ঋণ মঞ্জুর ও বিতরণ এবং তদারকিতে কোনো প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. ঋণ অনুমোদন, বিতরণ ও ব্যবস্থাপনা:

ঋণ অনুমোদন, ঋণ বিতরণ, ঋণের ব্যবহার পর্যবেক্ষণ, তদারকি, কিস্তি আদায়, পুনরুদ্ধার এবং ঋণ ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রমের বিষয়ে পল্লী সঞ্চয় ব্যাংকের বিদ্যমান ঋণ সম্পর্কিত নীতিমালা, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অর্থাৎ ১৮-০৭-২০২২ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং ০১/২০২২ ও ১৬-০৯-২০২৫ তারিখে জারিকৃত সার্কুলার লেটার নং ০১/২০২৫ অনুসরণ করতে হবে। ভবিষ্যতে এ সংক্রান্ত কোনো সংশোধিত নীতিমালা, নির্দেশনা বা সার্কুলার জারি হলে তা প্রযোজ্য হবে।

পাতা ০৫

৯. কর্মসূচিভিত্তিক ঋণ বিতরণের বার্ষিক ও পঞ্চবার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ:

৯.১ প্রস্তাবিত ঋণ কর্মসূচিসমূহের মাধ্যমে ২০২৬-২৭ অর্থবছরে ৩,৫০,০০০ জন কর্মক্ষম ঋণগ্রহীতাকে মোট ২,৫০০ কোটি টাকা এবং এর ধারাবাহিকতায় আগামী ০৫ বছরে ১৭,৫০,০০০ জন ঋণগ্রহীতাকে সর্বমোট ১২,৫০০ কোটি টাকা ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যার বিবরণ নিম্নরূপ:

ক্র. নং	কর্মসূচির নাম	২০২৬-২৭ অর্থবছরের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা		পঞ্চবার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	
		ঋণের সংখ্যা	ঋণের পরিমাণ (লক্ষ টাকায়)	ঋণের সংখ্যা	ঋণের পরিমাণ (লক্ষ টাকায়)
১	ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচি	১৫,০০০	২০০,০০	৭৫,০০০	১০০০,০০
২	পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি	৩,১০,০০০	২২০০,০০	১৫,৫০,০০০	১১০০০,০০
৩	এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি	২৫,০০০	১০০,০০	১,২৫,০০০	৫০০,০০
মোট		৩,৫০,০০০	২৫০০,০০	১৭,৫০,০০০	১২,৫০০,০০

৯.২ উল্লিখিত কর্মসূচিসমূহে ঋণ প্রদানের মাধ্যমে আগামী ০৫ বছরে মোট ১৭,৫০,০০০টি প্রকল্প প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রতিটি প্রকল্পে ০১ থেকে ০৩ জন বা ততোধিক ব্যক্তির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সে হিসেবে আগামী ০৫ বছরে ১৭,৫০,০০০টি প্রকল্পে গড়ে ০২ জন করে মোট ৩৫,০০,০০০ জন ব্যক্তির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৯.৩ জেলা ও শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা পৃথক নির্দেশনার মাধ্যমে পরবর্তীতে অবহিত করা হবে।

১০. ঋণ বিতরণে প্রযোজ্য জিএল কোড সমূহ: ঋণ বিতরণের ক্ষেত্রে কর্মসূচিসমূহ ০৩ টি আলাদা আলাদা প্রোডাক্ট হিসেবে বিবেচিত হবে এবং নিম্নলিখিত জিএল কোড ব্যবহৃত হবে।

ক্র নং	ঋণ কর্মসূচি	ঋণের কোড	সার্ভিস চার্জের কোড	প্রতিশ্রুতির কোড
১	ডিজিটাল ইকোসিস্টেম ঋণ কর্মসূচি	30401011	20103025	30902018
২	পল্লী নারী উদ্যোক্তা ঋণ কর্মসূচি	30401012	20103026	30902019
৩	এক গ্রাম এক পণ্য ঋণ কর্মসূচি	30401013	20103027	30902020

১১. পরিচালনা বোর্ডের পরিচালক/ জেলা প্রশাসক (ডিসি)/ উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)/ ব্যাংকের উর্ধ্বতন নির্বাহী/ বিভাগীয় মনিটরিং কর্মকর্তা/ জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অথবা এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের মধ্য থেকে একজনকে প্রধান অতিথি হিসেবে মনোনীত করে তাঁর উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম শুরু করার পরামর্শ দেওয়া হলো।

১২. উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।


 ২২/০৬/২০২৬
 (সালমা বানু)
 ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৬-২৭/ ২৪ (৪৬)

তারিখ: ১১-০৮-২০২৬ খ্রি:

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। বিভাগ প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইসিটি বিভাগের বিভাগীয় প্রধান পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করবেন)।
- ৬। শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (অনুষ্ঠান প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৮। নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৯। অফিস নথি।



